চট্টগ্রাম বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ২

সময়— ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ৬ টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ► জনাব শামীম একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। সম্প্রতি তিনি একটি নতুন প্রকল্পে বিনিয়োগের কথা ভাবছেন। এজন্য তিনি তার একজন বন্ধু জনাব আতিকের নিকট হতে পরামর্শ গ্রহণ করেন। তিনি তাকে কাম্য পরিমাণ মূলধন বিনিয়োগের পরামর্শ দেন। কিন্তু তিনি অধিক লাভের আশায় সমুদয় মূলধন উক্ত প্রকল্পে বিনিয়োগ করেন এবং তার মূলধন ক্ষতিগ্রস্ত হয়। এজন্য তিনি বেশ চিন্তিত।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. জনাব শামীমকে তার বন্ধু অর্থায়নের যে নীতি অনুসরণের পরামর্শ দিয়েছিলেন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সম্পূর্ণ মূলধন বিনিয়োগের ক্ষেত্রে উপরিউক্ত নীতির যৌক্তিকতা কতটুকু? বিশ্লেষণ করো। ৪

২. ► জনাব কাসিম খুলনার মংলা বন্দরের একজন কর্মকর্তা। অন্যান্য কর্মকর্তাগণ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করলেও তিনি পণ্য খালাসের সময় অসদুপায়ে অর্জিত বিপুল পরিমাণ অর্থ সিঙ্গাপুরে শাপলা নামক একটি ব্যাংকে জমা করেন। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের অনুসন্ধানে তার এ কাজটি ধরা পড়ে এবং আইনানুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

ক. আর্থিক বাজার কী? ১

খ. ক্ষুদ্র ঋণ কর্তৃপক্ষ কী ধরনের প্রতিষ্ঠান? ব্যাখ্যা করো। ২

গ. জনাব কাসিমের শাপলা ব্যাংকে টাকা জমা রাখা কোন ধরনের কার্যক্রম? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব কাসিমের শাপলা ব্যাংকে অর্থ স্থানান্তরের শাস্তি কী হতে পারে? মতামত দাও। ৪

৩. ▶ মিসেস সোনিয়া তার গ্রামের বাড়ি বিক্রি করে ১০,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি একটি ব্যাংকে ৫ বছরের জন্য রাখার সিদ্ধান্ত নিলেন। তাঁর নিকট দু'টি বিকল্প প্রস্তাব রয়েছে। পদ্মা ব্যাংক তাকে ১২% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। অন্যদিকে মেঘনা ব্যাংক তাকে ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে।

ক. অর্থের ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. বার্ষিক বৃদ্ধি বলতে কী বোঝায়? ২

গ. মেয়াদ শেষে মিসেস সোনিয়া পদ্মা ব্যাংক হতে মোট কত টাকা পাবেন তা নির্ণয় করো। ৩

ঘ. মিসেস সোনিয়ার জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? বিশ্লেষণ করো। ৪

৪. ▶ এ,বি,সি কোম্পানি একটি পুতুল সরবরাহকারী প্রতিষ্ঠান। তারা জাপান থেকে পুতুল আমদানি করে। কোম্পানি প্রতিটি পুতুল ৮০ টাকা করে ক্রয় করে এবং তা ১০০ টাকা করে বিক্রি করে। কোম্পানির স্থায়ী ব্যয় বার্ষিক ১,০০,০০০ টাকা।

ক. সমচ্ছেদ বিন্দু কী? ১

খ. নগদ প্রবাহ বিবরণী কেন তৈরি করা হয়? ২

গ. কয়টি পুতুল বিক্রি করলে এ, বি, সি কোম্পানি কোনো লাভ বা ক্ষতি হবে না? ৩

ঘ. কোম্পানি যদি ২০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে সমচ্ছেদ বিন্দু অপেক্ষা কয়টি বেশি পুতুল বিক্রি করতে হবে? ৪

৫. ▶ জনাব আনোয়ার ব্যবসায়ের কার্যকরী মূলধন সংগ্রহের জন্য ২/১০, এন/৩০ শর্তে ব্যবসায়িক ঋণ সংগ্রহ করতে পারেন অথবা বাণিজ্যিক ব্যাংক থেকে ১.৫০% মাসিক চক্রবৃদ্ধি সুদে স্বল্পমেয়াদি অর্থসংস্থানের ব্যবস্থা করতে পারেন।

ক. স্বতঃস্ফূর্ত অর্থায়ন কী? ১

খ. স্বল্পমেয়াদি ঋণে সাধারণত জামানত প্রয়োজন হয় না কেন? ২

গ. ব্যবসায় ঋণের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব আনোয়ারের কোন ধরনের ঋণ গ্রহণ করা যুক্তিসঙ্গত? ৪

৬. ▶ বিডি কোম্পানি ২০১৫ সালের ১লা জানুয়ারি তারিখে ৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে; যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন হার ১২% সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয় এবং বন্ডের প্রয়োজনীয় আয়ের হার ১৪%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২
গ. বিডি কোম্পানির বন্ডের মূল্য নির্ণয় করো। ৩
ঘ. যদি প্রয়োজনীয় আয়ের হার বৃদ্ধি পেয়ে ১৬% হয় এবং বন্ডের বাজার মূল্য ১,২০০ টাকা হয় তবে বন্ডটি ক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৭. ▶ জনাব খান স্কয়ার লি. এর কিছু সাধারণ শেয়ার ক্রয় করেছেন। যার শেয়ারপ্রতি বর্তমান লভ্যাংশ ২০ টাকা এবং বর্তমান বাজারমূল্য ৫০০ টাকা। কোম্পানির প্রত্যাশিত লভ্যাংশ প্রবৃদ্ধির হার ৫%।

ক. মূলধন ব্যয় কী? ১
খ. প্রারম্ভিক ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. জনাব খান যে সাধারণ শেয়ারটিতে বিনিয়োগ করেছেন তার ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. উপরিউক্ত উদ্দীপকে যদি বিলিকরণ ব্যয় ২% হয়; তবে মূলধন ব্যয়ের ওপর কী প্রভাব পড়বে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৮. ▶ জনাব রতনের হাতে দু'টি প্রকল্পের প্রস্তাব রয়েছে। উভয় প্রকল্পের প্রাথমিক ব্যয় ৪০,০০০ টাকা। প্রকল্প হতে তিনি ৫ বছরে নিম্নলিখিত কর পরবর্তী নগদ প্রবাহ আশা করছেন:

বছর	১	২	৩	৪	৫
নগদ প্রবাহ (প্রকল্প ক)	৮,০০০	১০,০০০	৭,০০০	৯,০০০	১২,০০০
নগদ প্রবাহ (প্রকল্প খ)	৭,০০০	১৪,০০০	৬,০০০	১০,০০০	৪,০০০

বাট্টার হার ১০%

ক. মূলধন ব্যয় কী? ১
খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. প্রকল্প-ক এর পরিশোধকাল নির্ণয় করো। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই করো। ৪

৯. ▶ নিম্নে দু'টি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেয়া হলো:

সম্ভাবনা (P)	প্রকল্প ক	প্রকল্প খ
০.২৫	− ১০	২৫
০.৩৫	১৫	১৮
০.৩০	২৫	২৮

ক. ঝুঁকি কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২
গ. প্রকল্প ক এর আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. তোমার মতে কোন প্রকল্পের ঝুঁকি কম তা বিভেদাঙ্কের মাধ্যমে বিশ্লেষণ করো। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময় ঃ ৪০ মিনিট — পূর্ণমান— ৪০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. মি. আওয়াদ ১০% সুদে ব্যাংকে ১০,০০০ টাকা ৫ বছরের জন্য জমা রাখেন। ৫ বছর পরে তিনি কত টাকা পাবেন?
ⓚ ১৫,০০০ টাকা ⓛ ১৬,১০৫ টাকা
ⓜ ১৬,৫০৭ টাকা ⓝ ১৮,২০৫ টাকা

২. আন্তর্জাতিক হিসাবমান অনুযায়ী নগদ কার্যক্রমকে কয়ভাগে ভাগ করা হয়েছে?
ⓚ ২ ⓛ ৩
ⓜ ৪ ⓝ ৫

৩. সমচ্ছেদ বিন্দু নির্ণয়ের ক্ষেত্রে প্রভাব বিস্তারকারী উপাদান—
i. স্থায়ী ব্যয়
ii. পরিবর্তনশীল ব্যয়
iii. সুযোগ ব্যয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৪. আর্থিক বিবরণী ব্যবহারের বহিঃপক্ষ কারা?
ⓚ ব্যবস্থাপক ⓛ নিরীক্ষক
ⓜ পরিচালক ⓝ শেয়ারহোল্ডার

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আশরাফ সিটি পার্ক নামের একটি খাবার হোটেল পরিচালনা করেন। তাঁর প্রতি একক খাবার প্রস্তুতের জন্য পরিবর্তনশীল ব্যয়ের প্রয়োজন হয় ১২০ টাকা এবং প্রতি একক খাবারের বিক্রয়মূল্য ১৮০ টাকা। তাঁর হোটেল ভাড়া বাবদ মাসে ব্যয় হয় ৩,০০০ টাকা এবং কর্মচারীদের বেতন বাবদ মাসে ব্যয় হয় ১৫,০০০ টাকা।

৫. জনাব আশরাফের প্রতি একক খাবারের অবদান কত?
ⓚ ৩০০ টাকা ⓛ ১৮০ টাকা
ⓜ ১২০ টাকা ⓝ ৬০ টাকা

৬. সিটি পার্কের কত একক খাবার বিক্রয় করলে কোন লাভ-ক্ষতি হবে না?
ⓚ ৩০০ একক ⓛ ২৫০ একক
ⓜ ১৫০ একক ⓝ ১০০ একক

৭. স্বল্পমেয়াদি অর্থায়নের উৎস নিচের কোনটি?
ⓚ সাধারণ শেয়ার ⓛ বাণিজ্যিক কাগজ
ⓜ ঋণপত্র ⓝ অগ্রাধিকার শেয়ার

উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও।
মমতা বলপেন কোম্পানি সাধারণত কাঁচামাল ক্রয় করে ২৫ দিন পর তার মূল্য পরিশোধ করে এবং সম্পূর্ণ তৈরিকৃত পণ্য কাস্টমারদের নিকট বাকিতে বিক্রয় করে ৬৫ দিন পর তা আদায় করে। আরো দেখা যায় সে মজুদ পণ্য গড় অবস্থানকাল অর্থাৎ কাঁচামালকে উৎপাদিত পণ্যের রূপান্তর ও বিক্রয় করতে সময় লাগে ৮০ দিন।

৮. মমতা বলপেন কোম্পানির নগদ রূপান্তর চক্র কত দিন?
ⓚ ১০০ ⓛ ১২০
ⓜ ১৩০ ⓝ ১৪০

৯. মমতা বলপেন কোম্পানির নগদ আবর্তন কতবার?
ⓚ ১ ⓛ ২
ⓜ ৩ ⓝ ৪

১০. মধ্যমেয়াদি অর্থায়নের মেয়াদকাল কত বছর?
ⓚ ০—২ ⓛ ১—৫
ⓜ ৬—১০ ⓝ ৮—১০

১১. নির্দিষ্ট সময় পর কোন ধরনের বন্ড পুনঃক্রয় করা হয়?
ⓚ মর্টগেজ বন্ড ⓛ কুপন বন্ড
ⓜ পরিশোধ্য বন্ড ⓝ পুট বন্ড

১২. সংরক্ষিত মুনাফা সাধারণত কোন কাজে ব্যবহার করা হয়?
ⓚ দায় পরিশোধে
ⓛ লভ্যাংশ প্রদানে
ⓜ কর্মীদের বেতন প্রদানে
ⓝ প্রতিষ্ঠান সম্প্রসারণের কাজে

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রাকিব একজন বিনিয়োগকারী। কোনো একটি প্রকল্পে বিনিয়োগের জন্য আজ থেকে ৫ বছর পর তার ৫,০০,০০০ টাকা প্রয়োজন। এজন্য তিনি ৯% হার সুদে ৫ বছরের জন্য ব্যাংকে টাকা জমা রাখতে চান।

১৩. জনাব রাকিবকে কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে?
ⓚ ৩,০১,৪০৬.২৮ ⓛ ৩,২৪,৯৬৫.৭০
ⓜ ৩,২৫,৭০০.০০ ⓝ ৩,৩০,৩৩৮.৪২

১৪. যদি সুদের হার ১০% হয় তাহলে জনাব রাকিবকে কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে?
ⓚ ৩,১০,৪৬০.৬৬ ⓛ ৩,১২,৯৭২.৮৮
ⓜ ৩,৯০,০০০.০০ ⓝ ৪,০২,২০৭.৫০

১৫. নিচের কোনটির প্রভাবে ঋণের ব্যয় পরিবর্তন হয়?
ⓚ জামানত ⓛ লভ্যাংশ
ⓜ মুদ্রাস্ফীতি ⓝ কর হার

১৬. নতুন শেয়ার ইস্যুর সাথে সম্পর্কিত খরচ হলো—
i. অবলেখকের কমিশন
ii. বিজ্ঞাপন খরচ
iii. লভ্যাংশ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৭. নির্দিষ্ট আয় প্রত্যাশী বিনিয়োগকারীদের ক্ষেত্রে কোন শেয়ার ক্রয় করা উত্তম?
ⓚ রাইট শেয়ার ⓛ বোনাস শেয়ার
ⓜ অগ্রাধিকার শেয়ার ⓝ সাধারণ শেয়ার

১৮. লামা কোং লি. ২০% সুদে ১,০০,০০০ টাকার ঋণপত্র বিক্রয় করে। কর হার ৫০% হলে কোম্পানির ঋণপত্রের প্রকৃত সুদ কত শতাংশ হবে?
ⓚ ৪০% ⓛ ৩০%
ⓜ ২০% ⓝ ১০%

১৯. সিকিউরিটি ইস্যু ও বিক্রির মোট খরচকে কী বলে?
ⓚ প্রশাসনিক ব্যয় ⓛ অবলেখন ব্যয়
ⓜ আইনগত ব্যয় ⓝ উত্তরণ ব্যয়

২০. নিচের কোন ক্ষেত্রে দীর্ঘমেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয়?
- ক) যন্ত্রপাতি মেরামত
- খ) কাঁচামাল ক্রয়
- গ) মজুরি প্রদান
- ঘ) সম্পত্তি প্রতিস্থাপন

২১. যে কোনো নগদ প্রবাহের বর্তমান মূল্য নির্ণয় করতে কোনটির প্রয়োজন হয়?
- ক) নিট মুনাফা
- খ) বাট্টার হার
- গ) নিট বর্তমান মূল্য
- ঘ) সার্বিক ব্যয়

২২. আভ্যন্তরীণ আয় হার অনুযায়ী কখন প্রকল্প গ্রহণ করা হয়?
- ক) আভ্যন্তরীণ আয় হার ধনাত্মক হলে
- খ) বাট্টার হার বেশি হলে
- গ) মূলধন ব্যয় থেকে আন্তঃ আয় হার বেশি হলে
- ঘ) লভ্যাংশের হারের তুলনায় বাট্টার হার বেশি হলে

২৩. প্রকল্পের লাভজনকতার বিচার করে অগ্রাধিকারের ভিত্তিতে মূলধনের বরাদ্দ দেয়াকে কী বলে?
- ক) মূলধন ব্যয়
- খ) মূলধনের পর্যাপ্ততা
- গ) মূলধন বাজেটিং
- ঘ) মূলধন রেশনিং

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও।

মুন কোং ১,২০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন ক্রয় করে এবং এর সংস্থাপন ব্যয় ৩০,০০০ টাকা। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। মেশিন হতে প্রতি বছর নিট মুনাফা পাওয়া যাবে যথাক্রমে ২০,০০০ টাকা, ১৮,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ১২,০০০ টাকা, ১০,০০০ টাকা।

২৪. মেশিনটির বাৎসরিক অবচয় কত হবে?
- ক) ২২,০০০ টাকা
- খ) ২৪,০০০ টাকা
- গ) ২৮,০০০ টাকা
- ঘ) ৩০,০০০ টাকা

২৫. মেশিনটিতে গড় বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার হার কত হবে?
- ক) ১৫%
- খ) ১৮.৭৫%
- গ) ২২.৭৫%
- ঘ) ২৫%

২৬. ঝুঁকি ও আয়ের মধ্যে সম্পর্ক কিরূপ?
- ক) নিম্নমুখী
- খ) সমানুপাতিক
- গ) ধনাত্মক
- ঘ) ঋণাত্মক

২৭. শুধু একটি সম্পদে বিনিয়োগ করলে কোন ঝুঁকি সৃষ্টি হয়?
- ক) ব্যবসায়িক ঝুঁকি
- খ) পোর্টফোলিও ঝুঁকি
- গ) একক ঝুঁকি
- ঘ) আর্থিক ঝুঁকি

২৮. ঝুঁকি পরিমাপের সবচেয়ে গ্রহণযোগ্য পদ্ধতি কোনটি?
- ক) বিভেদাঙ্ক
- খ) গড়
- গ) ভেদাঙ্ক
- ঘ) আদর্শ বিচ্যুতি

২৯. মুদ্রাস্ফীতির কারণে বৃদ্ধি পায়—

i. বিনিয়োগ
ii. উৎপাদন খরচ
iii. কাঁচামালের মূল্য

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

৩০. অর্থায়নের প্রথম কাজ কোনটি?
- ক) তহবিল সংগ্রহ
- খ) তহবিল বণ্টন
- গ) মূলধন সংরক্ষণ
- ঘ) স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা

৩১. ব্যবসায়ে পর্যাপ্ত পরিমাণ অর্থ হাতে রাখার কারণ কী?
- ক) তারল্য সংকট মোকাবিলা করা
- খ) ভবিষ্যৎ ক্রয় কার্য সম্পাদন করা
- গ) অতিরিক্ত বিনিয়োগ করা
- ঘ) ব্যবসায়ের সচ্ছলতা প্রকাশ করা

৩২. সম্পদ সর্বাধিকরণে নিচের কোনটি বিবেচনা বহির্ভূত?
- ক) স্বল্পমেয়াদি মুনাফা
- খ) শেয়ার মূল্য বৃদ্ধি
- গ) নগদ প্রবাহ
- ঘ) ঝুঁকির পরিমাণ

৩৩. অর্থায়নের কাজ হলো—

i. ব্যবসায়ের প্রয়োজনীয় তহবিলের পরিমাণ নির্ণয়
ii. সংগৃহীত তহবিলের ব্যবহারের ক্ষেত্র নির্ধারণ
iii. তহবিলের উৎস নির্ধারণ

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

৩৪. একটি বিনিয়োগ প্রকল্পে ক্ষতি হলে অন্য প্রকল্পের মুনাফা দ্বারা ক্ষতি পুষিয়ে নেয়া যায়। এটি অর্থায়নের কোন নীতির আওতাভুক্ত?
- ক) তারল্য নীতি
- খ) মুনাফার নীতি
- গ) বৈচিত্র্যায়নের নীতি
- ঘ) ঝুঁকির নীতি

৩৫. নিচের কোনটি মুদ্রাবাজারের হাতিয়ার?
- ক) শেয়ার
- খ) বন্ড
- গ) ঋণপত্র
- ঘ) বাণিজ্যিকপত্র

৩৬. IPO এর পূর্ণরূপ কী?
- ক) International Public Office
- খ) Initial Public Offer
- গ) Initial Public Office
- ঘ) Initial Public Offering

৩৭. ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য কতজন হতে পারে?
- ক) ২
- খ) ৭
- গ) ১০
- ঘ) ২০

উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯নং প্রশ্নের উত্তর দাও।

মি. আহসান একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি বাংলাদেশ ব্যাংকের কোনো মাধ্যম ব্যবহার না করে ৫ লক্ষ টাকা গোপনে মালয়েশিয়ায় স্থানান্তর করলেন।

৩৮. মি. আহসান কোন ধরনের অপরাধ করেছেন?
- ক) দেওয়ানি অপরাধ
- খ) মুদ্রাবাজার অপরাধ
- গ) ফৌজদারি অপরাধ
- ঘ) মানি লন্ডারিং অপরাধ

৩৯. মি. আহসানকে কত টাকা জরিমানা দিতে হবে?
- ক) ৫ লক্ষ
- খ) ৭.৫০ লক্ষ
- গ) ১০ লক্ষ
- ঘ) ১২.৫০ লক্ষ

৪০. অর্থের সময়মূল্য নির্ণয়ের ক্ষেত্রে প্রভাব বিস্তারকারী উপাদান হলো—

i. সুদের হার
ii. সময়
iii. অর্থের তারল্য

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

উত্তরমালা

১	খ	২	খ	৩	ক	৪	ঘ	৫	ঘ	৬	ক	৭	খ	৮	খ	৯	গ	১০	খ	১১	খ	১২	ঘ	১৩	খ	১৪	ক	১৫	খ	১৬	খ	১৭	গ	১৮	গ	১৯	ঘ	২০	ঘ
২১	খ	২২	গ	২৩	ঘ	২৪	গ	২৫	খ	২৬	গ	২৭	গ	২৮	ক	২৯	গ	৩০	ক	৩১	ক	৩২	ক	৩৩	ঘ	৩৪	গ	৩৫	ঘ	৩৬	খ	৩৭	গ	৩৮	ঘ	৩৯	গ	৪০	ক